# হরমুজ প্রণালির নিরাপত্তার অজুহাতে ইরানে ফের মার্কিন হামলা



ছবিঃ সংগৃহীত

ইরানে টানা ১৩তম রাতের মতো সামরিক অভিযান চালিয়েছে যুক্তরাষ্ট্র। মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানিয়েছে, হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী বাণিজ্যিক ও বেসামরিক নৌযানের নিরাপত্তা নিশ্চিত করা এবং ইরানের সামরিক সক্ষমতা কমিয়ে দেওয়াই এই অভিযানের প্রধান লক্ষ্য।

শুক্রবার (২৪ জুলাই) প্রকাশিত এক বিবৃতিতে সেন্টকম জানায়, গ্রিনিচ মান সময় শুক্রবার রাত ১টার দিকে চালানো সর্বশেষ অভিযানে ইরানের বেশ কয়েকটি সামরিক স্থাপনা লক্ষ্য করে হামলা চালানো হয়েছে। এর মধ্যে সামরিক কমান্ড সেন্টার, ড্রোন সংরক্ষণাগার, যোগাযোগ অবকাঠামো, উপকূলীয় নজরদারি ব্যবস্থা এবং সামুদ্রিক সক্ষমতার সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন স্থাপনা রয়েছে।

LENS ASIA

সেন্টকম আরও দাবি করেছে, ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) সাম্প্রতিক তৎপরতার পরও হরমুজ প্রণালি আন্তর্জাতিক নৌ চলাচলের জন্য উন্মুক্ত রয়েছে। মার্কিন সামরিক সহায়তায় বাণিজ্যিক জাহাজগুলো নিয়মিতভাবে ওই নৌপথ ব্যবহার করছে বলেও জানানো হয়েছে।

এদিকে, মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে বর্তমানে ৫০ হাজারের বেশি মার্কিন সেনা মোতায়েন রয়েছে বলে জানিয়েছে দেশটির সামরিক বাহিনী।

এর আগে গত ২৮ ফেব্রুয়ারি ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ সামরিক অভিযানকে কেন্দ্র করে সংঘাত শুরু হয়। পরবর্তী সময়ে ৮ এপ্রিল যুদ্ধবিরতি কার্যকর হলেও তা ভেঙে ৮ জুলাই রাত থেকে আবারও মার্কিন হামলা শুরু হয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এর জবাবে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পসও পাল্টা সামরিক অভিযান চালিয়ে যাচ্ছে।